## **COVERAGE REPORT**

Board level appointments in Balmer Lawrie & Co. Ltd.

## **Balmer Lawrie**

Lawrie has inducted two directors — Saurav Dutta has taken over as director finance and CFO from January 31. Abhijit Ghosh has taken over as director HR and corporate affairs from February 1. The company has posted a net profit of Rs 27.38 crore during Q3FY23, up 39 per cent over the previous year.

The Telegraph – 12.02.2023

## বামার লরির নতুন দুই ডিরেক্টর

নি রত্ন শ্রেণিভুক্ত রাষ্ট্রায়ন্ত সংস্থা বামার লরি অ্যান্ড কোম্পানি লিমিটেডের ডিরেক্টর (ফিনান্স) পদে এলেন সৌরভ দন্ত। মিঃ দন্ত একজন চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট ও কোম্পানি সেক্রেটারি যিনি ১৯৯৭ এর জুনে বামার লরিতে যোগ দেন। এই পদে আসার আগে তিনি সংস্থার ভাইস প্রেসিডেন্ট (ফিনান্স) পদে ছিলেন।

অন্যদিকে সংস্থার ডিরেক্টর (এইচআর এবং কর্পোরেট অ্যাফেয়ার্স) পদে এলেন অভিজিৎ ঘোষ। বিগত ৩০





বছরে তিনিচারটি রাষ্ট্রায়ন্ত সংস্থায় পদের দায়িত্বভার সামলেছেন। ডিরেক্টর পদে যোগদানের আগে শ্রী ঘোষ সংস্থার সিনিয়র ভাইস প্রেসিডেট (এইচআর) হিসেবে কার্যভার সামলেছেন। Aajkaal – 16.02.2023

## বামার লরিতে ডিরেক্টর নিযুক্ত হলেন সৌরভ দত্ত ও অভিজিৎ ঘোষ

কলকাতা। ১৬ ফেব্রুয়ারি

ভারত সরকারের পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রকের অধীন মিনি রত্ন শ্রেণিভুক্ত রাষ্ট্রায়ত্ত সংস্থা বামার লরি অ্যান্ড কোম্পানি লিমিটেড আগামী অর্থবর্ষের জন্য দু'জন ডিরেক্টরকে নিয়োগের জন্য মনোনীত করেছে। সৌরভ দত্ত (ফিনান্স) ডিরেক্টর তথা চিফ ফিনান্সিয়াল পদে নিযুক্ত

হয়েছেন। অভিজিৎ ঘোষ এইচআর ও কর্পোরেট অ্যাফেয়ার্স বিষয়ক ডিরেক্টর মনোনীত হয়েছেন।

সৌরভ দত্ত একজন চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট ও কোম্পানি সেক্রেটারি। অভিন্নিত ঘোষ



তিনি ১৯৯৭ সালে বামার লরিতে যোগদান করেন। ম্যানুফাকচারিং ও সার্ভিসেস বিভাগে দীর্ঘ ত্রিশ বছরের কাজের অভিজ্ঞতা রয়েছে তাঁর। এছাড়া কর্পোরেট ফিনান্স ও ট্যাক্সেশন সংক্রান্ত কাজে দীর্ঘদিনের অভিজ্ঞতা অর্জন করেছেন সৌরভ দত্ত।

অভিজিৎ ঘোষ পাবলিক সেক্টরে দীর্ঘ ত্রিশ বছর ধরে যুক্ত রয়েছেন। কর্মী সংক্রান্ত কাজের অভিজ্ঞতা, ট্যালেন্ট ম্যানেজমেন্ট, এমপ্লয়ী ম্যানেজমেন্ট ইত্যাদি কাজের অভিজ্ঞতা সম্পন্ন অভিজিৎ ঘোষ ওয়েস্ট বেঙ্গল পাওয়ার ডেভেলপমেন্ট কর্পোরেশন লিমিটেড, হিন্দুস্তান কপার লিমিটেডে দীর্ঘদিন যুক্ত ছিলেন। রাঁচির জেভিয়ার ইনস্টিটিউট অব সোসাল সার্ভিস থেকে পার্সোন্যাল ম্যানেজমেন্টে পোস্ট গ্র্যাজুয়েট ডিগ্রি অর্জন করেন। কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে তিনি মাস্টার অব বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন ডিগ্রিও অর্জন করেন।

Dainik Jugasankha
– 17.02.2023

<a href="https://psuwatch.com/balmer-lawrie-announces-appointments-of-two-directors-on-its-board/">https://psuwatch.com/balmer-lawrie-announces-appointments-of-two-directors-on-its-board/</a>